জনশক্তি (Manpower)

আপনার ব্যবসা পুনরায় চালু এবং পুনরুদ্ধারের জন্য দক্ষ, উৎপাদনশীল এবং কার্যক্রম পরিচালনার জন্য জনশক্তি নিযুক্ত করার সাথে সাথে কর্মীদের সুরক্ষার বিষয়টিকে নিশ্চিত করতে হবে।

Building Back Business from Crisis

MSME

An Initiative of the United Nations Industrial Development Organisation

In partnership with

INDIA SME FORUM

UN India BUSINESS FORUM

Empretec Inspiring entrepreneurship.

পুনরায় কার্যক্রম চালু করা - চ্যালেঞ্জ

কর্মক্ষেত্রে কর্মীদের সুরক্ষা এবং মূল্য দান

- আমি কীভাবে আমার কর্মীদের নিরাপদ রাখতে পারি?
- আমি আমার কর্মীদের অবিচ্ছিন্ন কর্মসংস্থান নিশ্চিত করার দিকে কীভাবে কাজ করতে পারি?

মূল ব্যবসায়িক প্রক্রিয়া এবং ক্রিয়াকলাপের জন্য উৎপাদনশীল দলগুলিকে পুনর্নির্মাণ করা

দক্ষ ও উৎপাদনশীল কার্যক্রম ও ব্যবসা অর্জন করা

- জনবল পরিবর্তনের কারণে আমি দক্ষতার শূন্যস্থানকে কীভাবে পূরণ করতে পারি?
- কার্যক্রমগুলিতে আমি কীভাবে গুণমান এবং দক্ষতা নিশ্চিত করব?

জনশক্তি/Manpower: 3P-র একসাথে কাজ করা

- কর্মীদের নিরাপত্তা এবং উৎপাদনশীলতা নিশ্চিত করা
- মূল ব্যবসায়িক ক্রিয়াকলাপগুলির জন্য সঠিক কর্মীদের লভ্যতা এবং নিযুক্তিকরণ নিশ্চিত করা

People (কর্মী)

টিম বা দল

কার্যলক্ষ্য, কর্মপ্রবাহ এবং একক কার্য পদ্ধতি (SOP) তৈরি এবং যোগাযোগের উপর দৃষ্টি স্থাপন করা

মূল ক্রিয়াকলাপের কাজের ব্যবস্থাতে সামঞ্জস্য করার দিকে দৃষ্টি নিবদ্ধ করা

Procedure (কার্যপ্রণালী)

Place of Work (কর্মস্থান)

People (কর্মী)

- দায়িত্ব পালনের জন্য বা কাজে যোগদান করার জন্য কর্মীদের কী অতিরিক্ত সহায়তা প্রয়োজন তা মূল্যায়ন করা
  - উদাহরণস্বরূপ, ঠিকাদার কর্মীদের বেতন অগ্রিম প্রদান, কর্মস্থলে পৌঁছানোর জন্য কর্মীদের সাধারণ পরিবহন পরিষেবা প্রদান
- নিযুক্ত ব্যক্তির সংখ্যা হ্রাস করার চেয়ে শ্রম ব্যয় হ্রাস করার উপায়গুলি আবিষ্কার করা
  - উদাহরণস্বরূপ, সুবিধাগুলি হ্রাস, পারস্পরিক সম্মত মজুরি কমানো, অন্যান্য উদ্যোগের সাথে জনশক্তি ভাগ করে নেওয়া
- আপনার কর্মশক্তির জন্য একটি পরিকল্পনা বিকাশ করা
  - কারা? → প্রয়োজনীয় না কি সাধারন কর্মী; কোথায়? → অনসাইট না কি অফসাইট; কি? → প্রধান উৎপাদন; কখন? → ডিউটি তাৎক্ষণিক না কি ধীরে ধীরে চালু করা
- জনশক্তি ঘাটতি এবং ফলস্বরূপ দক্ষতার ব্যবধানগুলি পূরণ করার জন্য মূল ব্যক্তি / বিভাগগুলির মধ্যে 'ক্রস প্রশিক্ষণ' –এর বিষয়টি উৎসাহিত করুন
- নতুন কর্মী আনতে সিনিয়র (অবসরপ্রাপ্ত) কর্মীদের সহায়তা নিন বা বাডি সিস্টেম/Buddy System স্থাপন করুন
- চুক্তিভিত্তিক কাজগুলির ক্ষেত্রে নমনীয়তার বিধান করুন
  - উদাহরণস্বরূপ, জরিমানা ছাড়া উপস্থিতির সময় ও নিয়ম শিথিলকরণ; ছুটির জন্য নোটিশের প্রয়োজনীয়তা ছাড়; অসুস্থতার কারণে ছুটির সংখ্যা বৃদ্ধি করুন
- ভবিষ্যতে ব্যবসায়িক প্রয়োজনগুলির জন্য আপনার দরকার হতে পারে এইরকম নতুন দক্ষতাগুলি শনাক্ত করুন

Place (কর্মস্থান)

- নিশ্চিত করুন যে সমস্ত কর্মক্ষেত্র (অফিস, কারখানা, গুদাম) নিয়মিত স্যানিটাইজড এবং পরিষ্কার করা হচ্ছে
- ব্যক্তি প্রতি একটি ওয়ার্কস্টেশন বরাদ্দ; সরঞ্জাম, উপাদান ও ওয়ার্কস্টেশন ভাগ করা এড়ান
- একে অপরের থেকে কমপক্ষে 1.5 মিটার দূরে ওয়ার্কস্টেশনগুলি স্থাপন করুন (সামাজিক দূরত্বের নিয়মগুলির সাথে সামঞ্জস্য রেখে)
- এমন গুরুত্বপূর্ণ ব্যবসায়িক ফাংশনগুলি চিহ্নিত করুন যা অনসাইটে চালিত হওয়া প্রয়োজন এবং নির্বাচিত অঞ্চলগুলি চিহ্নিত করুন যেখানে এই ধরনের কাজ পরিচালনা করা হবে এবং সেখানে সাধারন চলাচল বন্ধ থাকবে
- দক্ষতা-বৃদ্ধি কর্মক্ষেত্র ব্যবস্থা প্রয়োগ করুন যেমন 5S(Sort-বাছাই করুন, Set inorder-ক্রমে সেট করুন, Shine-পরিষ্কার করুন, Standardize-মানসম্পন্ন করুন, Sustain-টেকসই)
- অ-প্রয়োজনীয় সরকারী ভ্রমণ স্থগিত করুন
- এড়ানো যায় এমন যোগাযোগ হ্রাস করতে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে সভা / আলোচনা পরিচালনা করুন

Procedure (কার্যপ্রণালী)

- আপনার কর্মীদের জন্য বিশদ Standard Operating Procedures / একক কার্য পদ্ধতি (SOPs) বিকাশ করুন;
  - নিশ্চিত করুন যে সেগুলি স্পষ্ট, চিত্রযুক্ত এবং কর্মক্ষেত্র জুড়ে প্রদর্শিত হবে
- প্রশাসনিক কার্যগুলি নিয়ন্ত্রন করুন যেখানে ভৌত বস্তুগুলির বিনিময় / ভাগ করে নেওয়া প্রয়োজন
  - যেমন কাগজপত্র হ্যান্ডলিং, নগদ লেনদেন, সার্বজনীন ব্যবহৃত অন্যান্য সরঞ্জাম
- বিভিন্ন স্থানে বা বিভিন্ন সময়ে কর্মরত কর্মীদের সাথে সংযোগ রাখতে নিয়মিত আপডেট-ভিত্তিক আলোচনার আয়োজন করুন
- কর্মচারী বা চুক্তিভিত্তিক কর্মীরা তাদের দায়িত্ব পালনে অক্ষম হলে সেই ক্ষেত্রে ব্যবসায়িক ক্রিয়াকলাপের জন্য একটি ব্যাকআপ পরিকল্পনা তৈরি করুন
- সীমিত বা নতুন কর্মীদের দিয়ে কাজ করানোর সময় আরও ঘন ঘন মানের যাচাই করার জন্য সুপারভাইজার / পরিচালকদের নির্দেশ দিন
- একই জায়গায় একই সময় কর্মচারীদের জমায়েত হওয়া এড়াতে হবে
- সুনির্দিষ্ট কিছু উৎপাদনের জন্য কর্মচারীর একটি গ্রুপকে (Group) কিছু দল হিসেবে বা টিম করে কাজ করার বিষয়ে উৎসাহ দিতে হবে

কর্ম পরিকল্পনা

পদক্ষেপ 1: শ্রম পরিকল্পনা

পদক্ষেপ 2: কাজের ব্যবস্থাপনা

পদক্ষেপ 3: টিম-বিল্ডিং বা দল গঠন

পদক্ষেপ 1: শ্রম পরিকল্পনা

1. কতজন কর্মচারী ফাঁকা আছে (একই জায়গায় হলে ভাল) এবং কাজে ফিরে আসতে ইচ্ছুক তার স্টক তৈরি করুন

2. আপনার ব্যবসায়িক ক্রিয়াকলাপগুলির জন্য কোন ভূমিকাগুলি অপরিহার্য তা বিশ্লেষণ পরিচালনা করুন। নিম্নলিখিত বিভাগগুলি ব্যবহার করুন:
(i) প্রধান (ii) অপ্রধান (iii) অন্যান্য

3. জনশক্তি/ম্যান-পাওয়ার পরিবর্তন বা দূর্লভ্যতার কারণে দক্ষতার শূন্যস্থানগুলি চিহ্নিত করুন

4. সদ্যপ্রাপ্ত ভূমিকা সহ নতুন কর্মী বা কর্মচারীদের কর্মরত প্রশিক্ষণ ব্যবস্থা বা on-the-job training পর্যবেক্ষণ, সহায়তা এবং সুবিধাযুক্ত করুন

পদক্ষেপ 2: কাজের ব্যবস্থাপনা

বিভিন্ন ক্রিয়া এবং বিভাগের মধ্যে দক্ষতার সাথে কাজ করার জন্য কর্মপ্রবাহ এবং পদ্ধতিগুলির মধ্যে সামঞ্জস্য তৈরি করা-

1. প্রচলিত সম্পদ এবং শ্রম সীমাবদ্ধতার ভিত্তিতে নতুন (বাস্তবিক) লক্ষ্যগুলি নির্ধারণের জন্য সমস্ত বিভাগের সিনিয়র কর্মচারীদের সাথে কর্ম সম্পাদন করুন
2. বিভিন্ন বিভাগের কর্মীদের জন্য বিভিন্ন কর্ম ব্যবস্থাপনার নকশা তৈরি করুন

প্রধান - অনসাইট	অনিয়মিত শিফ্ট / কাজের সময়	সংস্থা প্রদত্ত কর্মী পরিবহন
প্রধান - অফসাইট	বাড়ি থেকে কাজ	উৎপাদনকে নতুন করে সংজ্ঞায়িত করা
অপ্রধান	অ্যাসাইনমেন্ট বা বিভাজনের সামঞ্জস্য	

3. নতুন কর্মধারা এবং একক কার্য পদ্ধতি (SOPs) নির্মাণ

পদক্ষেপ 3: টিম-বিল্ডিং বা দল গঠন

কর্মক্ষেত্রের সহযোগিতা, যোগাযোগ এবং দক্ষতা বিকাশ

1. আপনার কর্মক্ষেত্রকে ব্যবসার সম্ভাবনা এবং পরিকল্পনার বিষয়ে অবহিত রাখুন
2. স্টেকহোল্ডার যেমন শ্রমিক ইউনিয়ন, ঠিকাদার, সরবরাহকারী এবং বিক্রেতাদের সাথে নীতি / কাজের ব্যবস্থা পরিবর্তন সম্পর্কে জানান
3. ঘন ঘন দলসভা (টিম মিটিং) / আলোচনা (সামাজিক দূরত্বের নিয়মাবলী নির্দেশিকা অনুসরণ করে বা বা টেলিযোগের মাধ্যমে)
4. COVID-19 উপসর্গ এবং প্রতিরোধের বিষয়ে কর্মীদের শিক্ষিত করুন, লোকের কাছে সমস্ত তথ্য আছে বলে ধরে নেবেন না
5. কর্মক্ষেত্রে ও বাড়িতে আচরণ এবং সামাজিক মেলামেশা কীভাবে পরিবর্তন করতে হবে সে সম্পর্কে স্যানিটাইজ কর্মী ও সাফাই কর্মীদের সংবেদনশীল করুন
6. দলগত উৎপাদন উন্নত করার জন্য কর্মীদের তাদের অভিজ্ঞতা ভাগ করে নিতে উৎসাহিত করুন
7. ভবিষ্যতে পরিবর্তনশীল বাজারের পরিস্থিতির চাহিদা মেটাতে যদি আপনাকে নতুন দক্ষতাসম্পন্ন জনশক্তি যুক্ত করতে হয় তবে তা মূল্যায়ন করে নিন

জনশক্তি বা ম্যান-পাওয়ার: 3P-র একসাথে কাজ করা



- কর্মসংস্থান ধরে রাখার দায়বদ্ধতার সাথে ভারসাম্য বজায় রেখে ব্যায় কমানোর প্রয়োজন
- জনশক্তি বা ম্যান-পাওয়ারের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় সরকারী পরামর্শ এবং আইনী বিধানগুলি পর্যবেক্ষণ করুন
- ভবিষ্যত চিন্তা করুন: স্বল্পমেয়াদী ব্যয় সাশ্রয়ের জন্য গুরুত্বপূর্ণ ব্যবসায়িক দক্ষতাযুক্ত কর্মচারীদের যেতে দেবেন না

জনশক্তি (Manpower)

আপনার ব্যবসা পুনঃসূচনা এবং পুনরুদ্ধার করতে দক্ষ এবং উৎপাদনশীল কার্যক্রম পরিচালনা করার জন্য কর্মী নিযুক্ত করার সঙ্গে তাদের সুরক্ষার বিষয়টিকে নিশ্চিত করতে হবে।

Building Back Business from Crisis

MSME

An Initiative of the United Nations Industrial Development Organisation

In partnership with

INDIA SME FORUM

UN India BUSINESS FORUM

empretec Inspiring entrepreneurship.